**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**3 MARCH 2025** **7:35 AM**

=====================================================================

আসাম বিধানসভার বাজেট অধিবেশন আজ থেকে দিশপুরে পুনরায় শুরু হচ্ছে । আজ থেকে আগামী শুক্রবার পর্যন্ত সভার বৈঠকের সময়কালে বেশ কয়েকটি বিল উত্থাপন করা হবে । বিধানসভায় আগামী ১০ ই মার্চ অর্থমন্ত্রী অজন্তা নেওগ ২০২৫-২৬ অর্থবছরের জন্য সাধারণ বাজেট পেশ করবেন । ১১ ও ১২ ই মার্চ বাজেট নিয়ে আলোচনা অনুষ্ঠিত হবে । ১৩ থেকে ২০ শে মার্চ পর্যন্ত সভার স্থায়ী সমিতিগুলির বৈঠকের জন্য বিধানসভার কাজ স্থগিত থাকবে । ২১ , ২৪ ও ২৫ শে মার্চ পুনরায় সভার কাজকর্ম শুরু হবে । পরে ২৫ শে মার্চ আসাম বিধানসভা অনির্দিষ্টকালের জন্য স্থগিত রাখা হবে । উল্লেখ্য গত ১৭ ই ফেব্রুয়ারী কোকরাঝারে রাজ্যপালের ভাষনের মাধ্যমে বাজেট অধিবেশন শুরু হয়েছিল ।

---

শিক্ষামন্ত্রী ড: রণোজ পেগু গুয়াহাটীতে অনুষ্ঠিত সারা আসাম সম্মিলিত শিক্ষক মঞ্চের দ্বিতীয় দ্বি- বার্ষিক অধিবেশনে অংশ গ্রহণ করে রাজ্যে বিদ্যালয় শিক্ষার উন্নয়নে অনবদ্য অবদান রাখা

শিক্ষকদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন । জাতীয় শিক্ষানীতি প্রয়োগ করার সময়কালে সাধারণ শিক্ষা সহ দক্ষতা বিকাশের শিক্ষা প্রদান করার প্রত্যাহ্বানমূলক দায়িত্ব পালন করতে তিনি শিক্ষকদের প্রতি আহ্বান জানান । সভায় শিক্ষক মঞ্চের উত্থাপন করা প্রাদেশিকীকরণ , সেবা বিধি , প্রধান শিক্ষক নিযুক্তির মতো সমস্যাগুলি সমাধান করার জন্য সরকারের গ্রহণ করা পদক্ষেপগুলি নিয়ে শিক্ষামন্ত্রী বিস্তারিত আলোচনা করেন ।

---

এদিকে রাজ্যের শিক্ষামন্ত্রী ডা: রণোজ পেগু জাতীয় শিক্ষানীতির অধীনে চার বছরের শিক্ষা পাঠ্যক্রমে ভর্তির জন্য ছাত্র ছাত্রীদের অনলাইনের মাধ্যমে আবেদন করতে আহ্বান জানিয়েছেন । এন টি আর দ্বারা পরিচালিত জাতীয় সাধারণ প্রবেশ পরীক্ষার জন্য শিক্ষামন্ত্রী এই আহ্বান জানান ।

এসম্পর্কে শিক্ষামন্ত্রী বলেন - **বাইট ৫৮ সেকেন্ড**

---

রাজ্যের মাধ্যমিক শিক্ষা সঞ্চালক মমতা হোজাই এক পত্রের মাধ্যমে প্রাদেশিকৃত হাইস্কুলগুলিতে প্রধান শিক্ষক পদে পদোন্নতির জন্য জেলা বাছাই সমিতির প্রস্তুত করা তালিকা ১০ দিনের মধ্যে পেশ করতে নির্দেশ দিয়েছেন । উল্লেখ্য গত ২৮ শে ফেব্রুয়ারী গৌহাটী হাই কোর্টে সংশোধিত আসাম মাধ্যমিক শিক্ষা সেবা নীতির আধীনে রাজ্যের হাইস্কুলগুলিতে প্রধান শিক্ষক নিযুক্তি প্রক্রিয়া ত্বরান্বিত করতে রাজ্য সরকারকে নির্দেশ দিয়েছে । এই নির্দেশনার পর সরকার

হাইস্কুলগুলিতে নিয়মিত প্রধান শিক্ষক নিযুক্তি প্রদানের জন্য তৎপরতা শুরু করেছে ।

---

ভারতীয় অলিম্পিক সংস্থার সভাপতি তথা রাজ্যসভার সাংসদ প্রখ্যাত অ্যাথলিট পি টি উষা আজ ডিব্রুগড়ে ডিব্রুগড় বিশ্ববিদ্যালয়ের ৫৬ তম বিশ্ববিদ্যালয় ক্রীড়া সপ্তাহের উদ্বোধনী অনুষ্ঠানে মূখ্য অতিথি হিসেবে অংশগ্রহণ করবেন ।
এদিকে ডিব্রুগড় জেলা ক্রীড়া সংস্থার উদ্যোগে গতকাল পি টি উষাকে সম্বর্ধনা জানানো হয় । এই অনুষ্ঠানে কেন্দ্রীয় বন্দর , জাহাজ  পরিবহন ও জলপথ মন্ত্রী সর্বানন্দ সনোয়াল অংশ গ্রহণ করে পি টি উষার  উপস্থিতি নতুন প্রজন্মের খেলোয়াড়দের উৎসাহিত করবে বলে মন্তব্য করেন ।

---

হাইলাকান্দি শহরের সৈয়দবন্দে গতকাল সংগঠিত একটি সড়ক দূর্ঘটনায় একজনের মৃত্যু ও ৬ জন ব্যাক্তি আহত হয়েছেন । আমাদের হাইলাকান্দির সংবাদদাতা জানিয়েছেন যে গতকাল দুপুর দুটো নাগাদ আলগাপুর থেকে হাইলাকান্দির দিকে আসা একটি ইকো ভ্যান নিয়ন্ত্রন হারিয়ে ৬ নম্বর জাতীয় সড়কের পাশে দাড়িয়ে থাকা পোলট্রি ফার্মে থাকা দিলে একজনের ঘটনাস্থলেই মৃত্যু হয় । আহত ৬ জনকে আলগাপুর প্রাথমিক স্বাস্থ কেন্দ্রে চিকিৎসার জন্য ভর্তি করানো হয়েছে ।

---

শিলচর ভেটারেন ক্রিকেটার্স ক্লাব আয়োজিত বরাক প্রিমিয়াম লিগ আয়োজিত টি-টুয়েন্টি  প্রতিযোগীতার আজকের প্রথম খেলায় গুয়াহাটী

বুলস খেলবে হারেঙ্গাজা ও ইউনাইটেড দলের বিরুদ্ধে এবং দিনের দ্বিতীয় খেলায় শ্রীভূমি সুপার কিংস মুখোমুখি হবে সোনাই টাইটানস দলের বিরুদ্ধে ।

শিলচর জেলা ক্রিড়া সংস্থার মাঠে আয়োজিত প্রতিযোগীতার গতকালের প্রথম খেলায় নভিতিয়াস একাদশ ৯ উইকেটে লেইট এম এম উমং দলকে পরাজিত করে এবং দিনের দ্বিতীয় খেলায় শিলচর লায়ন্স ৮ উইকেটে উধারবন্দের ট্রান্সফর্মার দলকে পরাজিত করে ।